প্রতিবেদন

“সঞ্চয় অভিযান-২০২২” এর কর্মসূচী ও কার্যক্রম পরিচালনা প্রসংগে প্রতিবেদন।

জাতীয় সঞ্চয় অধিদপ্তর,প্রধান কার্যালয়,ঢাকার স্মারক নং- ০৮.০৪.০০০০.০০৭.০৮.০৪০.২০/১০৩৪ তারিখঃ- ০৮/০৫/২০২২ খ্রিঃ অনুযায়ী জেলা সঞ্চয় অফিস,বান্দরবান কর্তৃক বান্দরবান জেলায় ২২/০৫/২০২২খ্রিঃ থেকে ২৮/০৫/২০২২খ্রিঃ পর্যন্ত নির্ধারিত কর্মসূচী মোতাবেক ‘সঞ্চয় অভিযান-২০২২’ এর কার্যক্রম পরিচালনা করা হয়। শহরের বিভিন্ন গুরত্বপূর্ণ স্থানে ব্যানার টাঙ্গানো, সম্পূর্ণ শহর এলাকায় পোষ্টারিং. হ্যান্ডবিল বিতরণ,আলোচ্য সপ্তাহ ব্যাপী মাইক দিয়ে প্রচার কাজ ও পত্রিকার মাধ্যমে প্রচার কাজ চালানো হয়। জেলার বিভিন্ন অফিসের কর্মকর্তাদের নিয়ে একটি কমিটি গঠন করা হয়।

উদ্বোধনঃ

তারিখঃ ২২/০৫/২০২২ খ্রিঃ

প্রতিপাদ্য বিষয়ঃ **সঞ্চয় অর্থনৈতিক ও সামাজিক নিরাপত্তার প্রতীক ।**

২২/০৫/২০২২ খ্রিঃ তারিখে গঠিত কমিটির সদস্য ও স্থানীয় বিনিয়োগকারীদের অংশগ্রহনে স্বাস্থ্যবিধি মেনে জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, বান্দরবানের অফিস প্রাঙ্গনে সঞ্চয় অভিযান এর অনুষ্ঠান উদ্ভোধন করা হয়।

অফিস প্রধান ও উক্ত অনুষ্টানের সভাপতি হিসাবে সঞ্চয় কর্মকর্তা জনাব রফিকুল আলম ভূঁইয়া সপ্তাহ ব্যাপী অনুষ্টানের শুভ উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে আগত অতিথিরা প্রায় প্রত্যেকেই সঞ্চয়পৎর নিয়ে তাদের মতামত ব্যক্ত করেন এবং অনলাইন সুবিধাদি প্রদান করার জন্য সরকার এবং মহাপরিচালক মহোদয়ের ভূয়সী প্রশংসা করেন।

পরিশেষে অতিথিদের নাস্তার ব্যবস্থা করা হয় এবং উদ্বোধনী দিনের অনুষ্ঠানের ইতি টানা হয়।

সরকারী ও বেসরকারী অফিসে অভিযান কার্যক্রমঃ

তারিখঃ ২৩/০৫/২০২০ খ্রিঃ তারিখ ।

উদ্দেশ্যঃ সরকারী কর্মচারীদের মাঝে সঞ্চয়ের উদ্দীপনা সৃষ্টি করা।

সঞ্চয় অভিযান-২০২২ উপলক্ষে গঠিত কমিটির সদস্যরা বান্দরবান জেলায় অবস্থিত জেলা প্রশাসকের কার্যালয়, নির্বাচন অফিস, জেলা তথ্য অফিস, উপ-আনুষ্ঠানিক শিক্ষা অফিসে গমন করে কর্মকর্তা - কর্মচারীদের মাঝে সঞ্চয় প্রকল্পের প্রচার পত্র বিতরণ ও সঞ্চয়ের প্রয়োজনীয়তা, সঞ্চয় প্রকল্পের নিয়ম কানুন ও মুনাফা বিষয়ে বিশদ আলোচনা করেন এবং তাৎক্ষনিক ভাবে ১৫.০০ লক্ষ টাকা বিনিয়োগ আহরণ ও ১১.০০ লক্ষ টাকা বিনিয়োগের প্রতিশ্রুতি লাভ করেন।

বিভিন্ন পেশার মানুষের মাঝে প্রচার কার্যক্রমঃ

তারিখঃ ২৪/০৫/২০২০ খ্রিঃ তারিখ ।

উদ্দেশ্যঃ অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম,সঞ্চয় মোবাইল এপস,প্রাইজবন্ড রেজাল্ট ইনকোয়ারী সফটওয়্যার সম্পর্কে জানানো।

বান্দরবান জেলায় অবস্থিত বিভিন্ন চিকিৎসক,আইনজীবী ও প্রকৌশলীদের কার্যালয়ে কমিটির সদস্যরা উপস্থিত হয়ে তাঁদের মাঝে অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম,সঞ্চয় মোবাইল এপস,প্রাইজবন্ড রেজাল্ট ইনকোয়ারী সফটওয়্যার,সঞ্চয় প্রকল্পের প্রচার পত্র বিতরণ ও সঞ্চয়ের প্রয়োজনীয়তা, সঞ্চয় প্রকল্পের নিয়ম কানুন ও মুনাফা বিষয়ে বিশদ আলোচনা করেন এবং তাৎক্ষনিক ভাবে ১২.০০ লক্ষ টাকা বিনিয়োগ আহরণ ও ১০.০০ লক্ষ টাকা বিনিয়োগের প্রতিশ্রুতি লাভ করেন।

বিদ্যালয় বৈঠক ঃ
তারিখঃ ২৫/০৫/২০২০ খ্রিঃ তারিখ ।
উদ্দেশ্যঃ শিক্ষক শিক্ষার্থীদের মাঝে সঞ্চয় করার প্রয়াস সৃষ্টি করা।

অত্র জেলায় অটিস্টিক শিশুদের জন্য কোনও শিক্ষা প্রতিষ্ঠান না থাকায় জাতীয় সঞ্চয় অধিদপ্তর,প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক **জনাব মোহাম্মদ খলিলুর রহমান স্যারের** নেতৃত্বে জেলা সঞ্চয় অফিস,বান্দরবানের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ বান্দরবান সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ভ্রমন করে শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে সঞ্চয় পত্রের হ্যান্ড বিল বিতরণ করে সঞ্চয় প্রকল্পের মুনাফার হার এবং অন্যান্য বিষয়ে বিশদ আলোচনা করা হয়এবং প্রায় ১০.০০ লক্ষ টাকা বিনিয়োগের প্রতিশ্রুতি লাভ করেন।

জনাব মোহাম্মদ খলিলুর রহমান স্যার তাঁর বক্তব্যে বলেন,
”সঞ্চয় মানুষের সহজাত স্বভাব।নিজ তাগিদেই মানুষ সঞ্চয়ের স্বভাব গড়ে তোলে।জীবনের সকল ক্ষেত্রে শিক্ষার্থীদের মাঝে সঞ্চয়ী মনোভাব গড়ে তুলতে শিক্ষকেরাই মূল ভূমিকা পালন করতে পারেন।“

উপস্থিত শিক্ষিকাদের মাঝে সুচিত্রা দাশ,জান্নাতুল ফেরদৌস,হ্যাপি বড়ুয়া তাদের অভিজ্ঞতা বর্ণনা করেন। সুচিত্রা দাশ তার বক্তব্যে সঞ্চয়পত্র করে তিনি কিভাবে লাভবান হয়েছেন তা উপস্থিত দর্শকদের নিকট তুলে ধরেন।হ্যাপি বড়ুয়া পেনশনার সঞ্চয়পত্র এবং পরিবার সঞ্চয়পত্রের ব্যাখ্যা বিস্তারিত বলার জন্য অনুরোধ করলে তা বুঝিয়ে বলে দেওয়া হয়।

উঠান বৈঠক ঃ
তারিখঃ ২৫/০৫/২০২০ খ্রিঃ তারিখ ।
উদ্দেশ্যঃ সাধারণ জনগনের মাঝে সঞ্চয়ের উদ্বুদ্ধ করা।

জেলা সদরে অবস্থিত মধ্যম পাড়া , উজানী পাড়া ও হাফেজঘোনায় গমন করে বিভিন্ন শ্রেণীর নারী-পুরুষদের সহিত জেলা সঞ্চয় কর্মকর্তা মোঃ রফিকুল আলম ভূঁইয়ার সভাপতিত্বে উঠান বৈঠক করে দৈনন্দিন জীবনে অপচয় রোধ ও কৃচ্ছা সাধন করে ভবিষ্যৎ জীবনের জন্য সঞ্চয়ের উপকারিতা ও সঞ্চয় প্রকল্প বিষয়ে আলোচনা করেন উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি জাতীয় সঞ্চয় অধিদপ্তর,প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক **জনাব মোহাম্মদ খলিলুর রহমান** স্যার।

“শুধুমাত্র টাকা সঞ্চয় করে নয়,জীবন তার চলার প্রতি পদে পদে আমাদের সঞ্চয়ী হতে শিক্ষা দেয়।বিভিন্ন ক্ষেত্রে অপচয় রোধ করলে জাতি হিসেবে আমরা আরো উন্নতি লাভ করতে সক্ষম হবো।“ উপস্থিতিদের উদ্দেশ্যে দেওয়া বক্তব্যে এভাবেই নিজের অভিমত ব্যক্ত করেন **জনাব মোহাম্মদ খলিলুর রহমান** স্যার।

সভায় উপস্থিত গ্রাহকদের মাঝে রত্না কর্মকার,আন্না দাশ,ডকিকি প্রমুখ সঞ্চয়পত্র সংক্রান্ত নিজেদের অভিজ্ঞতা বলেন।

জনাব ডকিকি তিনি নিজে এবং তাঁর নিকটাত্মীয়রা কিভাবে সঞ্চয় অফিস দ্বারা উদ্বুদ্ধ হয়ে সঞ্চয়পত্রে বিনিয়োগ করে লাভবান হয়েছে সে অভিজ্ঞতা বর্ণনা করেন।রত্না কর্মকার মূল্যস্ফিতির এ যুগে কষ্ট করে হলেও সঞ্চয়পত্রে বিনিয়োগ করতে চান বলে মতবাদ দেন।পরে উপস্থিতিদের মাঝে সঞ্চয় পত্রের হ্যান্ড বিল বিতরণ করে তাৎক্ষণিক ১১.০০ লক্ষ টাকা বিনিয়োগ আহরণ ও ৪০.০০ লক্ষ টাকা বিনিয়োগের প্রতিশ্রুতি লাভ করা হয়।

ব্যবসায়ীদের দোরগোড়ায় পৌঁছাঃ
তারিখঃ ২৬/০৫/২০২০ খ্রিঃ তারিখ ।
উদ্দেশ্যঃ ব্যবসায়ীদের সঞ্চিত অর্থ সঞ্চয় পত্রে বিনিয়োগ করা।

সঞ্চয় অভিযান-২০২২ এর কার্যক্রম হিসেবে ২৫/০৫/২০২২ খ্রিঃ বিভিন্ন বাড়ী/মহল্লায় নিম্ন আয়ের জীবিকা নির্বাহী পরিবার গুলোর সাথে এবং বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে গমন করে ব্যবসায়ী ও দোকান কর্মচারীদের মাঝে সঞ্চয় পত্রের হ্যান্ড বিল বিতরণ করে সঞ্চয় প্রকল্পের মুনাফার হার অন্যান্য বিষয়ে বিশদ আলোচনা করেন এবং বিভিন্ন পর্যায়ের ব্যাক্তিদের থেকে প্রায় ২১.০০ লক্ষ টাকা বিনিয়োগের প্রতিশ্রুতি লাভ করেন।

অটিষ্টিক সন্তানদের মাঝে সঞ্চয় ঃ
তারিখঃ ২৭/০৫/২০২০ খ্রিঃ তারিখ ।
উদ্দেশ্যঃ অটিষ্টিক সন্তানদের অনিশ্চিৎ ভবিষ্যতের নিশ্চয়তা প্রদান করা।

বান্দরবান সদর এলাকায় কিছু অটিজমে আক্রান্ত শিশুর পরিবারের সহিত যোগাযোগ করা হয় এবং অটিজমে আক্রান্ত শিশুদের জন্য প্রাতিষ্ঠানিকভাবে তিনমাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র ক্রয়ের সুযোগের ব্যাপারে তাদের অবহিত করা হয়।

মূল্যায়ন সভাঃ
তারিখঃ ২৮/০৫/২০২০ খ্রিঃ।

সঞ্চয় সপ্তাহ/২০২২ বাস্তবায়ন কমিটির কয়েকজন সদস্য ছুটির কারনে কর্মস্থলের বাহিরে থাকায় সমাপনি অনুষ্ঠানে যোগদান করতে পারেননি। বাকি সদস্যবৃন্দ এবং বিনিয়োগকারী সঞ্চয় সপ্তাহ/২০২২ এর উপর বিশদ আলোচনা করেন। সঞ্চয় সপ্তাহ পালন কালীন সর্বমোট ৩৮.০০ লক্ষ টাকা তাৎক্ষণিক বিনিয়োগ আহরণ এবং ৯২.০০ লক্ষ টাকার প্রতিশ্রতি অর্জনে উক্ত কার্যক্রম সার্থক হয়েছে বলে অভিমত ব্যক্ত করেন। তবে সঞ্চয় ব্যুরোতে জনবল অত্যন্ত অ-প্রতুল ও লেনদেনের কাজে নিজেরা স্বয়ংসম্পূর্ণ ভাবে করতে পারলে বিনিয়োগ আহরণে জনগন বিনিয়োগে অনেক উৎসাহিত হতেন বলে অভিমত ব্যক্ত করেন। পরিশেষে সবাই একে অন্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন ।